



## বিশ্বের প্রথম দেশ হিসেবে স্টারলিংক বন্ধ করলো ইরান



সংগৃহীত ছবি

ইরানে সরকার ইন্টারনেট বন্ধ করে দেওয়ার পর ইলন মাস্কের স্টারলিংক সেখানে চালু হলেও এবার তা বড় বাধার মুখে পড়েছে। সামরিক জ্যামার ব্যবহার করে ইরান স্যাটেলাইট ইন্টারনেটের বড় অংশই অকার্যকর করে দিয়েছে।

ফোর্বস জানায়, হাজার হাজার স্টারলিংক রিসিভার থাকলেও দেশজুড়ে ব্ল্যাকআউটের কারণে স্যাটেলাইট সংযোগও ভেঙে পড়েছে। শুরুতে প্রায় ৩০ শতাংশ ট্র্যাফিক ব্যাহত হলেও কয়েক ঘণ্টার মধ্যে ৮০ শতাংশের বেশি সংযোগ অচল হয়ে যায়।

টাইমস অব ইসরাইলের তথ্য অনুযায়ী, আগের যেকোনো সময়ের চেয়ে এখন ইরানে স্টারলিংক ব্যবহার বেশি হলেও সরকার কখনোই এই সেবা অনুমোদন দেয়নি। ফলে এটি চালু রাখা আইনত নিষিদ্ধ।

স্টারলিংক স্যাটেলাইটের সঙ্গে যোগাযোগে জিপিএসের ওপর নির্ভরশীল। গত জুনে ইসরায়েলের সঙ্গে সংঘাতের পর থেকেই ইরান জিপিএস সিগন্যাল ব্যাহত করছে, যার ফলে কোথাও আংশিক, কোথাও প্রায় সম্পূর্ণ ব্ল্যাকআউট তৈরি হয়েছে।

প্রযুক্তি বিশ্লেষকেরা বলছেন, স্যাটেলাইট ডেটা আদানপ্রদানে মারাত্মক বাধা তৈরি হওয়ায় স্টারলিংকের ইন্টারনেট কার্যত ভেঙে পড়েছে।

টেকরাডারকে মিয়ান গ্রুপের আমির রাশিদি বলেন, এত ব্যাপকভাবে ইন্টারনেট দমন তিনি আগে দেখেননি।

এদিকে ফোর্বসের প্রতিবেদক সাইমন মিগলিয়ানোর হিসাব অনুযায়ী, এই ধরনের শাটডাউনে প্রতি ঘণ্টায় ইরানের অর্থনীতি থেকে প্রায় ১৫ লাখ ডলারের বেশি ক্ষতি হচ্ছে।